SMC
এসএমসি
উন্নত জীবন

একটি ত্রৈমাসিক প্রকাশনা
এসএমসি বার্তা
SMC News
A Quarterly Publication

সংখ্যা: ৫০
জুলাই - সেপ্টেম্বর ২০২৪
Issue: 50
July - September 2024

বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৪ উদযাপন

Celebration of World Population Day 2024

প্রতিবছর জুলাই মাসের ১১ তারিখে বিশ্বব্যাপী পালিত হয়ে থাকে বিশ্ব জনসংখ্যা দিবস। এই উপলক্ষ্যে সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি) ১১ জুলাই, ২০২৪ তারিখে প্রধান কার্যালয়ে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। এই বছরে বিশ্ব জনসংখ্যা দিবসের প্রতিপাদ্য হলো, "অন্তর্ভুক্তিমূলক উপাত্ত ব্যবহার করি, সাম্যের ভিত্তিতে সহনশীল ভবিষ্যৎ গড়ি।" সমাজের সকল স্তরের জনসাধারণের মাঝে স্থিতিস্থাপকতা, সমতা এবং ন্যায়সঙ্গত ভবিষ্যত নিশ্চিত করতে নির্ভরযোগ্য এবং অন্তর্ভুক্তিমূলক উপাত্ত ব্যবহারের গুরুত্ব এই প্রতিপাদ্যের মাধ্যমে তুলে ধরা হয়। এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল)-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ উদ্দিন নাসির সহ উভয় কোম্পানীর উর্ধ্বতন কর্মকর্তবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সমাজের কেউ যাতে পিছিয়ে না থাকে এজন্য সকল স্তরের মানুষের সার্বিক অধিকার নিশ্চিত করতে অন্তর্ভুক্তিমূলক উপাত্তের উপর জনাব নাসির বিশেষ গুরুত্বারোপ করেন। এছাড়াও জনসংখ্যার চ্যালেঞ্জ মোকাবেলা এবং ন্যায্যতা ও সমতা প্রতিষ্ঠায় এর অপরিহার্য ভূমিকার কথা তুলে ধরেন।

জনাব খান দেশব্যাপী সাশ্রয়ী মূল্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা প্রদানের ক্ষেত্রে এসএমসি'র নেতৃত্ব, উদ্যোগ এবং ভূমিকাকে পুনর্ব্যক্ত করেন। তিনি স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সমন্বয়ে বিস্তৃত নেটওয়ার্কের মাধ্যমে সরকারের সহযোগিতায় শহর ও গ্রামীণ পর্যায়ের জনসাধারণের মাঝে স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ার পাশাপাশি জন্মনিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্যসেবার প্রসার এবং সহজ প্রাপ্যতা বৃদ্ধিতে এসএমসি'র চলমান প্রচেষ্টাগুলোকে তুলে ধরেন। তিনি আরো উল্লেখ করেন যে এসএমসি দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, এবং একটি সুস্থ ও টেকসই জাতি গড়ার লক্ষ্যে সর্বাত্নক সহযোগিতা করছে। এছাড়াও, দিবসটি উপলক্ষ্যে কমিউনিটি মোবিলাইজেশন প্রোগ্রামের আওতাধীন চারটি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ছোট পরিবারের সুবিধা, নারীর ক্ষমতায়ন এবং সাশ্রয়ী মূল্যের জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি সেবার সহজ প্রাপ্যতার উপর গুরুত্বারোপ করে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচী ও প্রচারণা চালাচ্ছে।

একই দিনে এসএমসি ইএল স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালের স্ত্রীরোগ ও প্রসূতিবিদ্যা বিভাগের চিকিৎসকদের নিয়ে একটি বৈজ্ঞানিক সেমিনারের আয়োজন করে। সেমিনারের লক্ষ্য ছিল ভবিষ্যতে পরিবার পরিকল্পনা কর্মসূচীর অভিনব উদ্যোগ এবং জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির বিষয়ে পরামর্শ প্রদানে চিকিৎসকদের গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে আলোচনা করা। বিশিষ্ট গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞগণ (ওবিজিওয়াইএন) এবং

Social Marketing Comapny (SMC) organized a special program at its Head Office on July 11, 2024 to celebrate World Population Day (WPD). The theme in year 2024 is, "Embracing the Power of Inclusive Data Towards a Resilient and Equitable Future for All." The major focus of the theme highlighted the importance of using reliable and inclusive data to promote resilience, equity, and sustainability in diverse communities. Mr. Toslim Uddin Khan, Managing Director & CEO of SMC, and Mr. Sayef Uddin Nasir, Managing Director of SMC Enterprise Ltd (SMC EL) along with senior officials from both Companies participated in the event. During the event, Mr. Nasir emphasized that inclusive data should be fundamental in decision-making to ensure no one is left behind and highlighted its essential role in addressing population challenges and promoting equity.

Mr. Khan reaffirmed SMC's leadership in providing affordable family planning methods across Bangladesh. He highlighted ongoing efforts of SMC to expand access to contraceptives and reproductive health services through its extensive network of healthcare providers to reach urban and rural communities in collaboration with government. He added that SMC is contributing a lot to address population growth of the country and helping to build a healthier and more sustainable future. Additionally, four implementing partners under the community mobilization program are conducting several awareness campaigns focusing on the benefits of smaller family sizes, women empowerment, and the availability of affordable contraceptive options.

As part of the WPD celebrations, SMC EL organized a scientific seminar in partnership with the Department of Gynecology and Obstetrics at Sir Salimullah Medical College Hospital on July 10, 2024. The seminar aimed to discuss about the future scope of family planning program and the crucial role of doctors in advocating for and providing counseling on contraception choices. Distinguished Obstetrics and Gynecologist (OBGYNs) and representatives from SMC EL discussed the importance

এসএমসি ইএল-এর উর্ধতন কর্মকর্তাবৃন্দ পরিবার পরিকল্পনার গুরুত্ব ও এই সংক্রান্ত বিভিন্ন কর্মসূচীর ফলাফল উপস্থাপন করার পাশাপাশি জনসংখ্যা নিয়ন্ত্রণে চিকিৎসকদের অপরিহার্য ভূমিকার ওপর জোর দেন।

কয়েকটি শীর্ষস্থানীয় স্যাটেলাইট টিভি চ্যানেল যেমন চ্যানেল আই, আরটিভি, এনটিভি, এবং দীপ্ত টিভি এই দিনটি উদযাপন উপলক্ষ্যে বিশেষ আলোচনা অনুষ্ঠান সম্প্রচার করে যেখানে এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালকের সাথে বিভিন্ন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ এবং বিশিষ্ট শিক্ষাবিদ অংশগ্রহণ করেন। তারা জনসংখ্যা ব্যবস্থাপনায় অন্তর্ভূক্তিমূলক উপাত্তের ভূমিকা এবং সবার জন্য সহনশীল ও ন্যায়সঙ্গত ভবিষ্যত নিশ্চিত করতে পরিবার পরিকল্পনা সম্পর্কে আলোকপাত করেন।

বিশ্ব গর্ভনিরোধ দিবস ২০২৪: গর্ভনিরোধক পদ্ধতির সহজ প্রাপ্যতা প্রতিটি মানুষের সমঅধিকার

এসএমসি এবং এসএমসি ইএল গর্ভনিরোধক পদ্ধতি বিষয়ে সচেতনতা এবং ব্যবহার বৃদ্ধির ধারাবাহিক প্রচেষ্টা এবং প্রতিশ্রুতি তুলে ধরতে বিশ্ব গর্ভনিরোধ দিবস (ডব্লিউসিডি) ২০২৪ উদযাপন করে। ২০২৪ সালের বিশ্ব গর্ভনিরোধ দিবসের প্রতিপাদ্য হলো "সবার জন্য পছন্দ করার এখতিয়ার থাকবে, পরিকল্পনা করার স্বাধীনতা থাকবে আর পছন্দ করে নেওয়ার ক্ষমতা থাকবে," যা ব্যক্তি এবং পরিবারকে প্রজনন স্বাস্থ্য সম্পর্কে অবগত হওয়া এবং স্বাধীনভাবে পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার অধিকার ও ক্ষমতায়নের গুরুত্বের উপর জোর দেয়।

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর, সবচেয়ে বড় চ্যালেঞ্জ ছিল দ্রুত জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ করা। এসএমসি এই প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করতে ১৯৭৪ সাল থেকে সরকারের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে দেশব্যাপী সাশ্রয়ী মূল্যে গর্ভনিরোধকসমূহ সকলের কাছে সহজলভ্য করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। গর্ভনিরোধক পণ্য সরবরাহ করার পাশাপাশি, এসএমসি'র মূল উদ্দেশ্য ছিল স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং কমিউনিটি পর্যায়ের জনসাধারণের মাঝে পরিবার পরিকল্পনা পদ্ধতির প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করে তোলা।

এই অভীষ্ট লক্ষ্যকে পুনরুজ্জীবিত করতে, এসএমসি এই বিশেষ দিনটিকে স্মরণীয় করতে প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের নিয়ে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব তছলিম উদ্দিন খান, ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, এসএমসি এবং জনাব সায়েফ উদ্দিন নাসির, ব্যবস্থাপনা পরিচালক, এসএমসি ইএল এবং উভয় কোম্পানীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। এসএমসি'র বিপণন বিভাগের কর্মীদল পরিবার পরিকল্পনার বিভিন্ন কর্মসূচীর সঠিক বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি প্রগতিশীল জাতিতে রূপান্তরিত করতে এসএমসি'র উল্লেখযোগ্য ভূমিকা ও অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ একটি অডিও-ভিজ্যুয়াল উপস্থাপনা পেশ করেন। জনপ্রিয় স্যাটেলাইট টিভি চ্যানেল যেমন এটিএন নিউজ, আরটিভি, দীপ্ত টিভি, এবং ডিবিসি নিউজ এসএমসি এবং এসএমসি ইএল-এর উর্ধ্বতন ব্যবস্থাকপদের সাক্ষাৎকার সমন্বিত অনুষ্ঠানটি সম্প্রচার করে।

এই বিশেষ দিনটি উদযাপন উপলক্ষে এসএমসি'র সকল সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে একটি ডিজিটাল প্রচারাভিযান পরিচালনা করা হয় যা ১৩.৫ মিলিয়ন দৃশ্যমানতা অর্জন করে। এসএমসি'র গর্ভনিরোধক বিজ্ঞাপনগুলো বিশিষ্ট সংবাদপত্র, প্রথম আলো এবং বাংলাদেশ প্রতিদিনে প্রচার করা হয় যার সংখ্যা ছিল যথাক্রমে ৩২১,৮৪১ এবং ৫২১,২১১টি। উপরন্তু, এসএমসি ইএল-এর বিপণন বিভাগ এবং

of family planning, highlighted the impact of program activities and emphasized the essential role of medical professionals to promote contraceptive use.

Several leading satellite TV channels including Channel I, RTV, NTV, and Deepta TV aired special talk shows to observe the day where MD & CEO of SMC, public health experts, and renowned academicians were the speakers. They focused on the role of inclusive data in population management and the significance of family planning in ensuring a resilient and equitable future for all.

World Contraception Day 2024: Access to Contraception is a Human Right

SMC and SMC EL celebrated World Contraception Day (WCD) 2024 to highlight its ongoing commitment for raising awareness and utilization of contraception. The theme for 2024 is "A choice for all. Freedom to plan, power to choose," that emphasizing the importance of empowering individuals and families to make informed decisions about their reproductive health.

After the independence of Bangladesh, the critical challenge was to control rapid population growth. In response, SMC has started to work on this issue by making contraceptives widely accessible to the country at affordable prices in partnership with government since 1974. In addition to providing contraceptive products, the key area of SMC was to educate healthcare providers and communities about family planning methods.

To further elevate this vision, SMC organized an in-house event for the employees at the Head office to recognize this day. The event was graced by Mr. Toslim Uddin Khan, MD and CEO, SMC and Mr. Sayef Uddin Nasir, MD, SMC EL along with other senior officials from both Companies. The marketing team presented an audio-visual presentation highlighting the significant role of SMC in family planning prgram and making Bangladesh a progressive nation. Popular satellite TV channels including ATN News, RTV, Deepto TV, and DBC News covered the event featuring interviews with senior management of SMC and SMC EL.

A digital campaign was launched across all social media platforms to commemorate the occasion that achieved 13.5 million views. Advertisements on SMC contraceptions were placed in prominent newspapers; Prothom Alo and Bangladesh Pratidin with 321,841 and 521,211, circulations respectively. Additionally, the Marketing Division and Bogura Area Office of SMC EL organized a scientific seminar titled 'World Contraception Day: Awareness and Control through Family

বগুড়া এরিয়া অফিস একটি প্রগতিশীল বাংলাদেশ গঠনে গর্ভনিরোধের গুরুত্ব তুলে ধরে “বিশ্ব গর্ভনিরোধ দিবসঃ পরিবার পরিকল্পনার মাধ্যমে সচেতনতা ও নিয়ন্ত্রণ” শীর্ষক একটি বৈজ্ঞানিক সেমিনারের আয়োজন করে।

একই দিনে, এসএমসি অবস্টেট্রিকাল অ্যান্ড গাইনোকোলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ (ওজিএসবি) আয়োজিত একটি বৈজ্ঞানিক সেমিনারে অংশগ্রহণ করে। ওজিএসবি-এর সভাপতি এবং এসএমসি'র পরিচালনা পর্ষদের পরিচালক প্রফেসর ডাঃ ফারহানা দেওয়ান, গর্ভনিরোধক এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত জটিল সমস্যাগুলো তুলে ধরেন। সভায়, বিশেষজ্ঞগণ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে অগ্রসর হওয়ার ক্ষেত্রে গর্ভনিরোধকের ব্যবহার, কার্যকারিতা এবং প্রয়োজনীয়তা বিষয়ে আলোচনা করেন। এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান মানসম্পন্ন গর্ভনিরোধক সেবা প্রদানের ওপর গুরুত্বারোপ করেন। তিনি জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচিতে অবদান রাখার জন্য এসএমসি এবং ওজিএসবি-এর মতো বেসরকারি খাতের অবদান, বিশেষ করে ওবিজিওয়াইএনদের ভূমিকা তুলে ধরেন।

জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাঃ আবু জামিল ফয়সাল সহ বিশিষ্ট পেশাজীবীগণ; ডাঃ ফয়জুর রহমান, পরিচালক, এমসিএইচ সার্ভিসেস, ডিজিএফপি; ডাঃ রফিকুল ইসলাম তালুকদার, লাইন ডিরেক্টর, সিসিএসডিপি, ডিজিএফপি; প্রফেসর ডাঃ লতিফা শামসুদ্দিন, ওজিএসবি'র সাবেক সভাপতি; অধ্যাপক ডাঃ আনোয়ারা বেগম, ওজিএসবি'র সাবেক সভাপতি; প্রফেসর ডাঃ ফেরদৌসী বেগম, ওজিএসবি'র প্রাক্তন সভাপতি; এবং আইপাস বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ডাঃ সাঈদ রুবায়েত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সকল অংশগ্রহণকারীগণ প্রজনন জীবন চক্রে পরিবার পরিকল্পনা পদ্ধতির প্রয়োজনীয়তা এবং এর যৌক্তিক ব্যবহার নিশ্চিত করতে সরকারী ও বেসরকারী খাতের উদ্যোগকে আরো শক্তিশালী করার উপর জোর দেন।

Planning' highlighting the importance of contraception in shaping a progressive Bangladesh.

On the same day, SMC participated in a scientific program organized by the Obstetrical and Gynecological Society of Bangladesh (OGSB). Professor Dr. Farhana Dewan, President of OGSB and Director of the SMC Board highlighted critical issues concerning contraception and family planning methods. During a panel discussion, experts discussed the use of contraceptives and its importance in advancing towards achieve the target of the Sustainable Development Goals (SDGs). Mr. Toslim Uddin Khan, MD and CEO of SMC emphasized the importance of quality contraceptive service delivery. He also highlighted the contribution of private sectors like SMC and OGSB, particularly the role of OBGYNs, in supporting national family planning programs.

Notable professionals including Dr. Abu Jamil Faisel, Public Health Specialist; Dr. Faizur Rahman, Director of MCH Services, DGFP; Dr. Rafiqul Islam Talukder, Line Director of CCSDP, DGFP; Professor Dr. Latifa Shamsuddin, Past President of OGSB; Professor Dr. Anowara Begum, Past President of OGSB; Professor Dr. Ferdousi Begum, Immediate Past President of OGSB; and Dr. Sayed Rubayet, Country Director of Ipas Bangladesh attended the event. All the participants emphasized to reinforce the initiatives of the public and private sector to meet the unmet need of family planning methods and its rationale use throughout the reproductive life cycle.

কিশোরীদের স্বাস্থ্য এবং পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি কর্মসূচী

এসএমসি ইএল-এর খুলনা আঞ্চলিক অফিস ২০২৪ সালের আগস্ট মাসের ২৫ তারিখে খুলনা জেলার জাহানাবাদ সেনানিবাসের ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজে কিশোরীদের ব্যক্তিগত স্বাস্থ্য, পুষ্টি এবং পরিচ্ছন্নতার উপর গুরুত্বারোপ করে একটি স্কুল কর্মসূচীর আয়োজন করে। এই উদ্যোগের লক্ষ্য ছিল মাসিকের একটি স্বাস্থ্যকর ব্যবস্থাপনা, বিভিন্ন সংক্রামক রোগের প্রতিরোধ এবং ব্যক্তিগত স্বাস্থ্যবিধি বজায় রাখার ক্ষেত্রে স্যানিটারি ন্যাপকিনের সঠিক ব্যবহার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। অনুষ্ঠানে মাসিকের সময় অস্বাস্থ্যকর কাপড় বা তুলার পরিবর্তে স্যানিটারি ন্যাপকিন ব্যবহারের গুরুত্ব তুলে ধরার পাশাপাশি মানসম্পন্ন এবং সাশ্রয়ী মূল্যে এসএমসি'র স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি পণ্যসমূহের প্রচার ও ব্যবহারে সকলকে উদ্বুদ্ধ করা হয়।

অনুষ্ঠানে ২৫৯ জনেরও বেশি শিক্ষার্থী এবং স্কুল কর্তৃপক্ষের পক্ষ থেকে ৩৫ জন শিক্ষকবৃন্দ সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। প্রধান বক্তা হিসেবে অংশগ্রহণ করেন ডাঃ সুস্মিতা দাস, এমবিবিএস, আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতাল। তিনি মাসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা এবং মাসিক চলাকালীন স্বাস্থ্যবিধি বজায় রাখার ক্ষেত্রে স্যানিটারি ন্যাপকিনের প্রয়োজনীয়তা ও ভূমিকা সম্পর্কে মূল্যবান বক্তব্য প্রদান করেন। এসএমসি ইএল-এর বিক্রয় ব্যবস্থাপক মোঃ শাহিন আহসান

Awareness Building Program on Health and Hygiene among Adolescent Girls

Khulna Area Office of SMC EL organized a school activation program at Cantonment Public School and College, Jahanabad, Khulna on August 25, 2024 to focus on personal health, nutrition and hygiene for adolescent girls. The initiative aimed to raise awareness about healthy menstrual management and the proper use of sanitary napkins to prevent various infectious diseases and maintain personal hygiene. It also highlighted the importance of using sanitary napkins instead of cloth or cotton during periods and promoted good quality and affordable health and hygiene products of SMC.

More than 259 students and 35 teachers attended the program with notable guests from School Management Committee. Dr. Susmita Das, MBBS, Ad-Din Medical College Hospital joined the program as the keynote speaker. She provided valuable insights on menstrual management and the role of sanitary napkins in maintaining hygiene during the menstrual cycle. Mr. Md. Shahin Ahsan, Sales Manager of SMC EL, Khulna demonstrated the health and hygiene related products of SMC. He

কিশোরীদের মাঝে এসএমসি'র স্বাস্থ্য বিষয়ক পণ্য এবং জয়া স্যানিটারি ন্যাপকিনের বৈশিষ্ট্য, ব্যবহার এবং সুবিধাদি তুলে ধরেন।

অনুষ্ঠান চলাকালীন, অংশগ্রহণকারীগণ মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা, সংক্রমণ প্রতিরোধ এবং সার্বিক স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা নিশ্চিত করতে স্যানিটারি ন্যাপকিন ব্যবহারের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করে। অধিবেশনে, কিশোরীদের সুস্থতা এবং জীবনযাত্রার মান উন্নয়নে স্বাস্থ্যকর মাসিক ব্যবস্থাপনার অভ্যাস গড়ে তোলার বিষয়েও আলোচনা করা হয়। স্কুল কর্তৃপক্ষ কিশোরী শিক্ষার্থীদের জন্য এই ধরনের তথ্যপূর্ণ এবং সচেতনতামূলক উদ্যোগ গ্রহণে এসএমসি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। অনুষ্ঠান শেষে প্রশংসা স্বরূপ ৮টি জয়া স্যানিটারি ন্যাপকিন (উইংস) এর ১টি প্যাকেট অংশগ্রহণকারীদের মাঝে বিতরণ করা হয়।

discussed the features, benefits and advantages of using SMC branded sanitary napkin 'Joya' with adolescent girls in the session.

During the event, participants learned about the significance of using Joya sanitary napkin for managing menstrual hygiene, preventing infections, and ensuring overall health and hygiene. The discussions also addressed how healthy menstrual habits can improve the well-being and quality of life. The school authority thanked SMC for arranging such an informative and awareness building session for adolescent girls. At the end of the program, 294 packs of Joya 8's Wings sanitary napkins were distributed among the participants as a gesture of appreciation.

মাইক্রোসফ্‌ট ৩৬৫-এর সমন্বয়ে অপারেশনাল দক্ষতা বৃদ্ধি

এসএমসি এবং এসএমসি ইএল প্রতিনিয়ত কোম্পানীর সামগ্রিক ব্যবসায়িক কার্যক্রমসমূহ একটি অত্যাধুনিক ডিজিটাল পরিবেশে স্থানান্তরিত করার মাধ্যমে পরিচালনগত প্রক্রিয়া উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এই ডিজিটাল ট্রান্সফরমেশনের অংশ হিসেবে এসএমসি ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট, টিম, শেয়ারপয়েন্ট, ওয়ানড্রাইভ ইত্যাদির সমন্বয়ে একটি ক্লাউড-ভিত্তিক প্ল্যাটফর্ম মাইক্রোসফ্‌ট ৩৬৫ (এমএস ৩৬৫) চালু করেছে যা উপযোগিতা, যোগাযোগ এবং উৎপাদনশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গুগল প্ল্যাটফম থেকে মাইক্রোসফ্‌ট ৩৬৫-এ স্থানান্তরের বিভিন্ন সুবিধাদি রয়েছে যেমন দূরবর্তী কাজের দক্ষতার উন্নয়ন, তথ্য নিরাপত্তা জোরদার এবং স্বয়ংক্রিয় আপডেটের মাধ্যমে আইসিটি ব্যবস্থাপনাকে সহজতর করা। এটি হাইব্রিড কাজের পরিবেশ সৃষ্টিতেও সহায়তা করে এবং যে কোনো ধরণের ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে যে কোনো জায়গা থেকে ফাইল বা অ্যাপ্লিকেশনগুলোতে নিরবচ্ছিন্ন প্রবেশ নিশ্চিত করে। আইসিটি বিভাগ ইতিমধ্যেই বিভিন্ন ব্যবসায়িক ক্ষেত্রে নিয়োজিত কর্মীদের মাইক্রোসফ্‌ট ৩৬৫-এর ব্যবহার এবং সুবিধাদি বিষয়ে একাধিক প্রশিক্ষণ সেশন পরিচালনা করেছে। এই রূপান্তরটি SaaS (সফটওয়্যার-অ্যাজ-এ-সার্ভিস) প্ল্যাটফর্মগুলো গ্রহণ করার বিস্তৃত দক্ষতার সাথে সারিবদ্ধ যা সকল ধরণের ব্যবসায়িক কর্মকান্ডের নির্ভরযোগ্যতা এবং স্থিতিস্থাপকতা নিশ্চিত করে।

Enhance Operational Efficiency through Integration of Microsoft 365

SMC and SMC EL are continuing to improve the business processes by transitioning to a state-of-the-art digital environment. As part of the digital transformation strategy, a cloud-based platform Microsoft 365 (MS 365) has been introduced with integrated tools such as Word, Excel, PowerPoint, Teams, SharePoint, OneDrive etc. which enhance collaboration, communication, and productivity.

The shift from Google to MS 365 brings several advantages including improved remote work capabilities, strengthened data security and simplified ICT management through automated updates. It also supports hybrid work environments and enabling seamless access to files or applications from anywhere using any electronic devices. The ICT division has already conducted multiple training sessions on MS 365 for the employees across various business domains. This transformation aligns with the broader trend of adopting SaaS (Software-as-a-Service) platforms, offering reliability and flexibility for all types of business operations.

ব্যবস্থাপনা কর্মীদের উদ্ভাবনী এবং কৌশলগত চিন্তার উপর কর্মশালা

এসএমসি'র মানবসম্পদ বিভাগ ২০২৪ সালের জুলাই মাসের ৩১ তারিখে এসএমসি এবং এসএমসি ইএল-এর মধ্যম এবং সিনিয়র পর্যায়ের কর্মীদের নিয়ে 'The Magic of Thinking BIG and Success' (সফলতার লক্ষ্যে বৃহত্তর চিন্তা) শীর্ষক একটি প্রশিক্ষণের আয়োজন করে। অধিবেশনে সাংগঠনিক সফলতা অর্জনের লক্ষ্যে কৌশলগত চিন্তা-চেতনার বিকাশ, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং কার্যকরী লক্ষ্য নির্ধারণের উপর আলোকপাত করা হয়। এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের পরিচালক এবং বিশিষ্ট চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন এফসিএ, সেশনটি পরিচালনা করেন। দেশের বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে সিনিয়র ম্যানেজমেন্ট কর্মীদের দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ পরিচালনায় ব্যাপক অভিজ্ঞতা রয়েছে তাঁর। অধিবেশন চলাকালীন, তিনি ভীতি বা আশংকা থেকে উত্তরণ, ইতিবাচক চিন্তার বিকাশ এবং ফলপ্রসূ লক্ষ্য নির্ধারণের বিভিন্ন পন্থা নিয়ে আলোচনা করেন।

Workshop on Innovation and Strategic Thinking for Management Staff

The Human Resource Department of SMC organized a half-day workshop titled 'The Magic of Thinking BIG and Success' for mid and senior-level management staff from both SMC and SMC EL on July 31, 2024. The session was designed to enhance strategic thinking abilities, encourage innovation and set impactful goals to drive organizational success. Mr. Muhammed Farhad Hussain FCA, a distinguished Chartered Accountant and Director of the SMC EL Board, facilitated the session. He has extensive experience in conducting training for senior management staff at various prestigious institutions in the country. During the session, he taught practical approaches to overcome fear, develop positive thinking abilities and set

অংশগ্রহণকারীদের মাঝে নেতৃত্বের দক্ষতা বিকাশের মাধ্যমে সর্বোচ্চ সাফল্য অর্জনে গতানুগতিক পদ্ধতি বা প্রতিবন্ধকতাকে প্রতিহত করাই ছিল এই অধিবেশনের মূল লক্ষ্য।

এসএমসি ও এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম; এসএমসি এবং এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী; ডাঃ জহির উদ্দিন আহমেদ; এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব ফারুক আহমেদ; এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, জনাব তছলিম উদ্দিন খান; এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ উদ্দিন নাসির সেশনে উপস্থিত ছিলেন। তাঁরা কোম্পানীর দীর্ঘমেয়াদী দৃষ্টিভঙ্গি, প্রবৃদ্ধি এবং সামগ্রিক সাফল্য অর্জনে কর্মীদের কৌশলগত চিন্তাভাবনা এবং সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা বৃদ্ধিতে এই ধরণের একটি তথ্যবহুল অধিবেশন আয়োজনের জন্য মানব সম্পদ বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

practical goals. The ultimate goal or focus was to enhance the leadership capabilities of the participants to challenge traditional approaches for impactful results.

The event was graced by the presence of Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC and SMC EL along with Mr. Siddiqur Rahman Choudhury, Director, SMC & SMC EL Board, Dr. Jahir Uddin Ahmed, Director, SMC & SMC EL Board; Mr. Faruque Ahmed, Director, SMC EL Board; Mr. Toslim Uddin Khan, MD & CEO, SMC and Mr. Sayef Uddin Nasir, MD, SMC EL. They thanked the HR department for organizing such an informative session for strengthening strategic thinking and decision-making skills of employees to achieve organizational long-term vision, growth and overall success.

এসএমসি ফার্মা বাজারে নিয়ে এলো "সেফিম্যাক্স (৪০০এমজি)"

এসএমসি ফার্মা বিভাগ সম্প্রতি "একাধিক সংক্রমণের বিরুদ্ধে সর্বাধিক কার্যকরী এবং নিরাপদ" স্লোগানের সাথে সেফিম্যাক্স (Cefixime USP 400mg) ব্র্যান্ডেড সেফিক্সাইম (Cefixime) ক্যাপসুলগুলির একটি নতুন ও শক্তিশালী পণ্য বাজারে চালু করে তার পণ্যের পরিধিকে আরো প্রসারিত করেছে। এই ওষুধটি কার্যকরভাবে ছত্রাক সংক্রমণ নিরাময়ের জন্য তৈরী করা হয়েছে। এই সংক্রমণের মধ্যে রয়েছে টনসিলাইটিস, ফ্যারিঞ্জাইটিস, সাইনোসাইটিস, তীব্র ব্যাকটেরিয়াল ওটিটিস মিডিয়া, ক্রনিক ব্রঙ্কাইটিস এবং নিউমোনিয়া ইত্যাদি। এটি টাইফয়েড জ্বর, ত্বক এবং নরম টিস্যু সংক্রমণ এবং মূত্রনালীর সংক্রমণের মতো গুরুতর সংক্রমণ নিরাময়ের জন্যও নির্দেশিত। সেফিম্যাক্স সুইচ থেরাপিতে ব্যবহারের জন্যও সুপারিশ করা হয়। বাজারে চালু হওয়ার পর থেকে সেফিম্যাক্স গুণমান এবং কার্যকারিতার কারণে দেশব্যাপী স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং চিকিৎসকদের কাছ থেকে ইতিবাচক সাড়া পেয়েছে। তীব্র এবং দীর্ঘস্থায়ী সংক্রমণ প্রতিরোধের ক্ষেত্রে নিরাপদ এবং কার্যকর বৈশিষ্টের কারণে অনেক ডাক্তারই ইতোমধ্যে ওষুধটি প্রেসক্রাইব করা শুরু করেছেন।

SMC Pharma Launched "Cefimax (400mg)" in the Market

SMC Pharma has expanded its product line by launching a new strength of Cefixime capsules, branded as Cefimax (Cefixime USP 400mg) with the slogan "maximum efficacy & safety against multiple infections." This medication is designed to treat a wide range of bacterial infections effectively. These infections include common conditions such as Tonsillitis, Pharyngitis, Sinusitis, Acute Bacterial Otitis Media, Chronic Bronchitis, and Pneumonia. It is also indicated for more severe infections like Typhoid Fever, Skin and Soft Tissue Infections, and Urinary Tract Infections. It is recommended for use in Switch Therapy. Following its recent launch, Cefimax has received positive feedback from healthcare professionals nationwide due to its quality and affordability. Many doctors already have started prescribing this medicine due to its effectiveness and safety profile in managing acute and chronic infections.

মিলেনিয়ালদের জন্য সেনসেশন কনডম ব্র্যান্ডের নস্টালজিক ডিজিটাল যাত্রা

এসএমসি ইএল 'সেনসেশন' কনডম ব্র্যান্ডের মূল গ্রাহক মিলেনিয়াল প্রজন্মকে লক্ষ্য করে ৯০-এর দশকের ডিজিটাল ক্যাম্পেইনগুলোকে নতুনভাবে উপস্থাপন করেছে। এই ক্যাম্পেইনটি ৯০-এর দশকের ক্যাম্পেইনগুলোর প্রতি মিলেনিয়ালদের অনুভূতিতে নস্টালজিয়া ছড়িয়ে তাদের ভালোবাসাকে আরো উজ্জীবিত করে তুলেছে। এই ক্যাম্পেইনে সেই দশকের কিছু প্রতীকী বৈশিষ্ট্য ব্যবহার করা হয়েছে যা গ্রাহকদের পুরোনো স্মৃতির সাথে যুক্ত করেছে। সৃজনশীল ডিজিটাল কনটেন্টের মাধ্যমে এই ক্যাম্পেইন দর্শকদের সাথে একটি আবেগঘন সম্পর্ক গড়ে তোলে এবং তাদের পুরোনো অভিজ্ঞতার স্মৃতি মনে করিয়ে দেয়। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত এই উদ্ভাবনী প্রচারণা সম্ভাব্য ব্যবহারকারীদের মধ্যে আত্মবিশ্বাস গড়ে তোলার পাশাপাশি সেনসেশন কনডম ব্যবহারের প্রতি তাদের আগ্রহ বৃদ্ধি করেছে।

A Nostalgic Digital Journey of Condom Brand 'Sensation' for Millennials

SMC EL relaunched the 90's digital campaigns of Sensation condom brand in new shape to target the brand's core customer, "millennials." The campaign successfully connected with the customers by appealing to their love for the campaign series held in 90s. It incorporated some iconic features from the era to create a sense of nostalgia. The campaign used creative digital contents to remind the audience of past experiences and made a strong emotional connection. This innovative campaign through different social media platforms built confidence among potential users to grow their interest in using Sensation.

বাংলাদেশের গ্রামীণ এলাকায় এএনসি সেবা সম্প্রসারণের নতুন পদক্ষেপ

এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান ২০২৪ সালের জুন মাসের ২৯ তারিখে রাজশাহীর পবা উপজেলার 'আশ্রয় গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রে' অনুষ্ঠিত বাস্তবায়নকারী প্রতিষ্ঠান 'সচেতন সোসাইটি'র বার্ষিক কর্মদক্ষতা পর্যালোচনা ও পরিকল্পনা সভায় অংশগ্রহণ করেন। সচেতন সোসাইটি'র নির্বাহী পরিচালক জনাব হাসিনুল ইসলাম এবং এসএমসি ও এসএমসি ইএল-এর উচ্চপদস্থ কর্মকর্তাসহ মোট ১৩৮ জন অংশগ্রহণকারী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে, জনাব খান কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচীর ভবিষ্যৎ কার্যক্রম সম্পর্কে গুরুত্বপূর্ণ এবং কৌশলগত দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি কমিউনিটি পর্যায়ে স্যাটেলাইট স্বাস্থ্য কেন্দ্র চালুর নতুন কৌশল ও পদ্ধতি নিয়ে আলোচনা করেন। ২০২৪ সালের জুলাই মাস থেকে কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচীর আওতায় মোট ১২০টি উপজেলায় এই কার্যক্রম শুরু হয়। প্রতিটি উপজেলায় "SMC Health Service" (এসএমসি স্বাস্থ্য সেবা) নামে আনুমানিক ৩০টি সেবা কেন্দ্র নির্ধারণ করা হয়। এই কেন্দ্রগুলো কৌশলগতভাবে প্রতিটি উপজেলায় অবস্থিত বিশেষ করে নির্ধারিত টিকাদান (ইপিআই) কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক ও সামাজিকভাবে গ্রহণযোগ্য এবং সুপরিচিত ব্যক্তিবর্গের বাড়ি।

এই কেন্দ্রগুলোতে প্রসবপূর্ব সেবা (এএনসি), পাঁচ বছরের কম বয়সী শিশুদের শারীরিক বৃদ্ধি পরিমাপ (জিএমপি) ও পুষ্টি অবস্থা পর্যবেক্ষণ এবং অসংক্রামক রোগের (এনসিডি) সেবা প্রদান সহ বিভিন্ন জনস্বাস্থ্য সচেতনতামূলক অধিবেশনের আয়োজন করা হবে। প্রতিটি উপজেলায় প্রায় ৩০ জন গোল্ড স্টার মেম্বার (জিএসএম) সেবা প্রদানের প্রক্রিয়াকে সহজতর করার এবং এই উদ্যোগের সফল বাস্তবায়ন নিশ্চিত করতে সহায়তা করবেন। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব খান দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন, এবং সে অনুযায়ী প্যারামেডিকস, উপজেলা সুপারভাইজার, কমিউনিটি মোবিলাইজার এবং জিএসএমদের সেবার মনোন্নয়নে ধারাবাহিক প্রশিক্ষণ প্রদানের পরামর্শ দেন। প্রশিক্ষণ সেশনগুলোতে অপারেশনাল পদ্ধতি, রিপোর্টিং গাইডলাইন এবং অগ্রগতি পর্যবেক্ষণ সংক্রান্ত বিষয়াবলী অন্তর্ভুক্ত রয়েছে।

পরের দিন, জনাব খান রাজশাহী সিটি কর্পোরেশনের 'সচেতন সোসাইটি'র নগর অফিস পরিদর্শন করেন। সেখানে তিনি নগর জিএসএমদের সাথে তাদের কাজের দক্ষতা, অভিজ্ঞতা, মাঠ পর্যায়ের চ্যালেঞ্জ এবং সেবার মান উন্নয়নের বিষয়ে আলোচনা করেন। এছাড়াও, তিনি এসএমসি'র জনস্বাস্থ্য পণ্য বিশেষ করে গর্ভবতী নারী ও কিশোরীদের পুষ্টির চাহিদা পূরণের জন্য এসএমসি ব্র্যান্ডের মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস 'ফুলকেয়ার' এবং ক্যালসিয়াম ট্যাবলেট 'ফরবোন' এর ব্যবহার বৃদ্ধির বিষয়ে পরামর্শ দেন।

New Move to Expand ANC Services in Rural Bangladesh

The Managing Director & CEO of SMC Mr. Toslim Uddin Khan participated in the Annual Performance Review and Planning Meeting of the implementing partner 'Sachetan Society', held at the 'Ashrai Research and Training Center' in Paba, Rajshahi on June 29, 2024. A total of 138 participants including Md. Hasinul Islam, Executive Director of Sachetan Society and senior officials from SMC and SMC EL attended the event. During the visit, Mr. Khan shared valuable insights and strategic guidance for the future activities of the community mobilization program. He discussed the modalities of a new strategy to introduce satellite health centers in the communities. The activities launched in July 2024 in 120 upazilas under the Community Mobilization program. Approximately 30 service spots are set in each upazila named "SMC Health Service (SMC Shastha Seba)." These centers are strategically located in each upazila and preferably selected Expanded Program on Immunization (EPI) centers, community clinics and residence of socially accepted community people.

The centers will provide a range of services including Antenatal Care (ANC), Growth Monitoring and Promotion (GMP) for children under five years and Non-Communicable Diseases (NCD) in addition to organizing awareness building session on health issues. Around 30 Gold Star Members (GSMs) in each upazila will facilitate service delivery to ensure the smooth implementation of this initiative. The MD & CEO emphasized the importance of capacity building and accordingly suggested to conduct a series of training sessions for paramedics, upazila supervisors, community mobilizers, and GSMs to ensure the successful delivery of services. These sessions cover operational procedures, reporting guidelines and monitoring to see the progress along with building their service skills.

Mr. Khan also visited the Urban Office of 'Sachetan Society' in Rajshahi City Corporation on the following day. During his visit, he discussed with urban GSMs regarding their performances, work experiences, field-level challenges, and suggested ways to improve the quality of services. Finally, he emphasized increasing the utilization of public health products of SMC, especially 'FullCare' (SMC branded Multiple Micronutrient Supplements) and 'Forbon' (SMC branded Calcium) tablets for pregnant women as well as adolescent girls to meet their nutritional requirements.

মোবাইল-ভিত্তিক আর্থিক লেনদেনের জন্য বিকাশের সাথে অংশীদারিত্বের উদ্যোগ

এসএমসি ইএল দেশের বিভিন্ন স্থানে তাদের অর্থ সংগ্রহ প্রক্রিয়া সহজ ও কার্যকর করতে, এবং সারা দেশে নগদবিহীন লেনদেন বাড়ানোর জন্য বিকাশের সাথে অংশীদারিত্ব করেছে। এই সমঝোতার মাধ্যমে নির্দিষ্ট বিকাশ ড্রপ-অফ পয়েন্টে নগদ অর্থকে ইলেকট্রনিক মানি (ই-মানি) লেনদেনে রূপান্তরিত করা হবে। এই কৌশলগত উদ্যোগ মাঠ পর্যায়ে সাপ্লাই চেইন অপারেশনের আর্থিক ব্যবস্থাপনা আরও দক্ষ, স্বচ্ছ এবং নিরাপত্তার সাথে সম্পাদন করতে সহায়তা করবে। ২০২৪ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে উভয় প্রতিষ্ঠানের সিনিয়র কর্মকর্তাদের উপস্থিতিতে চুক্তিটি স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ উদ্দিন নাসির, জনাব ফিরোজ উল আলম, উপ-ব্যবস্থাপনা পরিচালক, অপারেশনস, জনাব আবুল বশির খান, প্রধান আর্থিক কর্মকর্তা; বিকাশের চিফ কমার্শিয়াল অফিসার জনাব আলী আহমেদ, বিজনেস সেলস এর প্রধান জনাব মাসরুর চৌধুরী এবং বিজনেস সেলস এর মহা-ব্যবস্থাপক জনাব সোমেল রেজা খান। এই উদ্যোগটি মাঠ পর্যায়ের আর্থিক ব্যবস্থাপনাকে সহজতর করা, এবং একটি নিরাপদ ও কার্যকরী নগদবিহীন লেনদেনের মাধ্যমে দেশের ডিজিটাল মানি লেনদেন ব্যবস্থার প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

Partnership with bKash for Mobile-Based Financial Transaction

SMC EL has partnered with bKash to streamline its money collection process, and maximize cashless transactions nationwide. The collaboration aims to convert its cash into electronic money (e-money) transactions at designated bKash drop-off points. This strategic initiative will contribute to a more efficient, transparent and secure financial management of supply chain operations at the field level. The agreement was signed at the Head office of SMC on September 10, 2024 by the senior officials from both Companies. Mr. Sayef Uddin Nasir, Managing Director, SMC EL; Mr. Feroze Ul Alam, DMD, Operations, SMC EL; Mr. Abul Bashir Khan, CFO, SMC EL; Mr. Ali Ahmed, Chief Commercial Officer, bKash; Mr. Masrur Chowdhury, Head of Business Sales, bKash, and Mr. Somel Reza Khan, GM of Business Sales, bKash were present in the signing ceremony. This solution simplifies financial management at the field level and offers a secure and efficient cashless transaction option which are contributing to the growth of the digital money transaction system in the country.

কর্পোরেট সুশাসন এবং কমপ্লায়েন্সের উপর ওরিয়েন্টেশন সেশন

এসএমসি ২০২৪ সালের জুন মাসের ২৪ তারিখে এসএমসি এবং এসএমসি ইএল-এর সিনিয়র ব্যবস্থাপনাবৃন্দ ও বিভাগীয় প্রধানদের নিয়ে 'বোর্ড সুশাসন এবং সেক্রেটারিয়াল কমপ্লায়েন্স' নিয়ে একটি সেশনের আয়োজন করে। সুশাসন নীতি, দায়িত্ব এবং নিয়ন্ত্রণমূলক কমপ্লায়েন্সের গুরুত্ব সম্পর্কে অংশগ্রহণকারীদের জ্ঞান ও অভিজ্ঞতা বৃদ্ধির লক্ষ্যে অধিবেশনটির আয়োজন করা হয়। এসএমসি এবং এসএমসি ইএল-এর কোম্পানী সচিব জনাব সৈয়দ মোহাম্মদ জুবায়ের আলী এফসিএমএ সেশনটি পরিচালনা করেন। মোট ২৫ জন অংশগ্রহণকারী এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সেশন চলাকালীন, জনাব আলী কর্পোরেট সুশাসনের গুরুত্ব তুলে ধরেন যা জবাবদিহিতা এবং কমপ্লায়েন্স নিশ্চিত করে। অংশগ্রহণকারীগণ সুশাসনের সর্বোত্তম অনুশীলন সম্পর্কে অবহিত হওয়ার পাশাপাশি আইনগত ও বিধিসম্মত নিয়ম মেনে চলা, কার্যকর ব্যবস্থাপনা প্রক্রিয়া বাস্তবায়ন এবং জবাবদিহিতা ও স্বচ্ছতা জোরদার করার বিষয়ে মূল্যবান অভিজ্ঞতা অর্জন করেন।

Orientation Session on Governance and Compliance

SMC organized a half-day session on Board Governance and Secretarial Compliance for senior management and functional heads from both SMC and SMC EL on June 24, 2024. The session designed to enhance the knowledge of participants on governance principles, responsibilities and the significance of regulatory compliances. Mr. Syed Mohammad Zubeyr Ali FCMA, Company Secretary of SMC and SMC EL facilitated the session. A total of 25 participants attended the event.

During the session, Mr. Ali highlighted the importance of corporate governance in ensuring accountability and compliance. Participants learned best practices on good governance and gained valuable insights on maintaining compliance with statutory and regulatory requirements, implementing effective management processes, and strengthening accountability and transparency.

ঘূর্ণিঝড় এবং বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে জরুরী উদ্যোগ

Emergency Response to the Cyclone and Flood

বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবণ দেশ বাংলাদেশ ঘূর্ণিঝড় ও নজিরবিহীন বন্যায় একটি বিধ্বংসী বছর অতিক্রম করেছে। ২০২৪ সালে ঘূর্ণিঝড় রেমাল এবং ভয়াবহ বন্যায় ৮.৩ মিলিয়নের বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে, গৃহহারা হয়েছে প্রায় ১.৫ মিলিয়ন মানুষ এবং ২,৩৭,৬৭৩টি বাড়িঘর ধ্বংস হয়েছে। জাতিসংঘের মানবিক সহায়তা পরিকল্পনা (UN Humanitarian Response Plan) জুন-ডিসেম্বর ২০২৪ অনুযায়ী, দেশের প্রায় ৩০% এলাকা জুড়ে প্রবল বর্ষণ এবং উজান থেকে আসা পানির কারণে টানা তিনটি জলবায়ু সংকটে প্রায় ১৩ মিলিয়ন মানুষ ক্ষতির সম্মুখীন হয়েছে।

ঘূর্ণিঝড় রেমালের কারণে সৃষ্ট জরুরি পরিস্থিতি মোকাবেলায়, এসএমসি ৯টি জেলার (কক্সবাজার, চট্টগ্রাম, বান্দরবান, খাগড়াছড়ি, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, খুলনা এবং বাগেরহাট) ২৩টি উপজেলায় ৬০৪ জন ক্ষতিগ্রস্ত গ্রামীণ নারী উদ্যোক্তাদের (যাদেরকে গোল্ড স্টার মেম্বার বা জিএসএম বলা হয়) এবং ১২০ জন মাঠ পর্যায়ের কর্মীদের মাঝে খাদ্যসামগ্রী (চাল, আলু, আটা, ডাল, ভোজ্যতেল এবং লবণ) বিতরণ করে। এছাড়াও, তাদের মাঝে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট এবং ওরাল রিহাইড্রেশন সল্ট (ওআরএস) প্রদান করা করা। দ্বিতীয় দফায় সিলেট ও ব্রাহ্মণবাড়িয়া জেলায় ভয়াবহ বন্যার সময় এসএমসি ৬৮৪ জন জিএসএম এবং ৩৭ জন মাঠকর্মীকে সহায়তা প্রদান করে। খাদ্যসামগ্রী, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট এবং ওআরএস বিতরণের পাশাপাশি প্রত্যেক জিএসএমকে তাদের ব্যবসায়িক কার্যক্রম গতিশীল রাখতে নগদ সহায়তা প্রদান করা হয়।

তৃতীয় দফায় জরুরি সহায়তা প্রদান করা হয় দক্ষিণ-পূর্বাঞ্চলীয় বাংলাদেশে যেখানে উজান থেকে নেমে আসা পানির প্রবাহ এবং ভারী বৃষ্টিপাতের কারণে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। পূর্বের মতো এবারও এসএমসি ৯৯৬ জন জিএসএমকে জীবিকা রক্ষার জন্য খাদ্যসামগ্রী এবং ওআরএস বিতরণের পাশাপাশি প্রত্যেককে আর্থিক সহায়তা প্রদান করে। এই সংকটময় প্রাকৃতিক দুর্যোগের সময় গোল্ড স্টার সদস্যগণ তাদের পাশে দাঁড়ানোর জন্য এসএমসি এবং ইউএসএআইডি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এছাড়াও, এসএমসি বন্যাকবলিত অঞ্চলে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে বিভিন্ন ত্রাণ তহবিলে বিপুল পরিমাণ ওআরএস এবং জয়া স্যানিটারি ন্যাপকিন প্রদান করে। তদুপরি, বন্যা-পরবর্তী সংকট মোকাবেলায় এসএমসি এবং এর কর্মীগণ ও বোর্ডের পরিচালকগণ প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ আনুদান হিসেবে প্রদান করেন।

Bangladesh, one of the most disaster-prone countries in the world, has passed a devastating year with cyclonic storms and unprecedented floods. Cyclone Remal and severe floods in 2024 have affected over 8.3 million people, displaced 1.5 million from their homes and damaged 237,673 houses. According to the UN Humanitarian Response Plan (June - Dec, 2024), nearly 13 million people of the country have been impacted by three consecutive climate emergencies.

As part of the emergency response to tropical cyclone Remal, SMC distributed foodstuff (rice, potato, flour, pulse, edible oil, and salt) including water purifying tablets and Oral Rehydration Salt (ORS) among 604 flood-affected rural women entrepreneurs (named as Gold Star Members-GSM) including 120 frontline field staff in 23 upazilas under 9 districts (Cox's Bazar, Chattogram, Bandarban, Khagrachari, Pirojpur, Jhalokathi, Barishal, Khulna and Bagerhat). During the second wave of devastating floods in Sylhet and Brahmanbaria district, SMC extended its support to 684 GSMs and 37 field staff. In addition to support of foodstuff, water purifying tablets and ORS, each GSM received cash support to continue their business.

The third support of emergency response was in the Southeastern Bangladesh where floods occurred due to heavy rainfall and water inflow from upstream countries. Like earlier, SMC distributed foodstuff and ORS to 996 GSMs along with financial support to sustain their livelihoods. GSMs acknowledged the support of SMC and USAID during this critical natural disaster.

Additionally, SMC provided a large quantity of ORS and Joya sanitary napkins to various relief funds for distribution in flood-affected areas. Moreover, SMC and its employees as well as Board Directors contributed a significant amount of money to the Chief Adviser's Relief and Welfare Fund to mitigate the post-flood crisis.

Chief Patron: Toslim Uddin Khan, Managing Director & CEO
Editorial Panel: Md. Moshiur Rahman, General Manager, Field Implementation; Ms. Husne Ara, Deputy Manager, Corporate Communication;
Layout: Md. Ashfaqul Islam, Sr. Executive, Creative Design, PM & BCC.
Published by: Corporate Communication Department; **Acknowledgements:** All departments of SMC & SMC EL.
Address: SMC Tower, 33 Banani C/A, Road – 17, Dhaka – 1213, Bangladesh; **Telephone:** +88 02 22225073-80, +88 02 222250585-92, **Website:** www.smc--bd.org